



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৯৩১/নতুন/মুসী/ ২৯৭০

তারিখ: ০২/১০/২০২০

বিষয় : নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ২৮/০৯/২০২০ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০১.১৭.২৭৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়টি মৌলিক শর্তাবলি পূরণ করায় প্রচলিত সাধারণ শর্তে ০১/০১/২০২০ হতে ৩১/১২/২০২২ তারিখ পর্যন্ত মোট ৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ে (৬ষ্ঠ-৮ম শ্রেণি) পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ

- এই প্রাথমিক অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রত্যাহার করা হবে।
- পত্র ইস্যুর তারিখ হতে ১ (এক) মাসের মধ্যে প্রবিধাননামালা ২০০৯ এর ৪৮ প্রবিধি অনুযায়ী নির্বাহী কমিটি গঠন করতে হবে।
- পাঠদানের প্রাথমিক অনুমতির মেয়াদ উত্তীর্ণের অন্ততঃ ৪ (চার) মাস পূর্বে একাডেমিক স্বীকৃতির জন্য আবেদন করতে হবে।
- বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বোর্ডের পরামর্শক্রমে নিজস্ব ওয়েবসাইট ও কনটেন্ট ডেভেলপ করে বোর্ডকে অবহিত করতে হবে।
- সরকারি নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক নিয়োগ করতে হবে এবং প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
- বিদ্যালয়ের শিক্ষারমান উন্নীত করার জন্য শিক্ষকগণকে পাঠভিত্তিক পাঠপরিদর্শন গ্রহণ করে শ্রেণিকক্ষে পাঠদান করতে হবে।
- বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে।
- বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সংখ্যা বাড়াতে হবে, শ্রেণির শিক্ষা সরঞ্জাম ও বসার ব্যবস্থা আরো উন্নতমানের করতে হবে।
- বিদ্যালয়ের চারিদিকে মূল্যবান আরো অধিক বৃক্ষের চারা রোপন করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক

চরবানিয়াল আদর্শ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়

পোঃ- বানিয়াল, উপজেলা- সদর


জেলা- মুন্সীগঞ্জ।

মেমো নং- ২৯৭০ (০২)

তারিখ: ০২/১০/২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বেনবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, সদর, মুন্সীগঞ্জ।
- ৭। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ।
- ১০। সভাপতি, পরিচালনা কমিটি, চরবানিয়াল আদর্শ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়।
- ১১। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১২। অফিস কপি।



বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

